# বাসভূমির অধিকারের জন্য জনগণের সংহতি প্রকাশের ঘোষণা পত্র

গত দশকব্যাপী আন্দোলনকারী, সামাজিক আন্দোলনসমূহ, অধিবাসী এবং পাড়া প্রতিবেশী ভিত্তিক সংগঠনসমূহের মধ্যে কারিগরী সহায়তা সহ একাত্মতা ঘোষণা ও সম্মিলিত প্রয়াস অধিবাসীদের বাসভূমির অধিকার বিষয়টিকে সুসংহত করেছে।

**যা জানা গেছে:**
আমরা অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক অধিকার (ইএসসিআর) বাস্তবায়নের সংগ্রামকে কেন্দ্র করে সমবেত হয়েছি যেগুলো পরিবার এবং গ্রামীন ও নাগরিক জনগোষ্ঠীর কাঠামোগত স্থান, এবং সকল জনগণের অন্তর্ভূক্তিমূলক সহাবস্থান রক্ষায় একটি মৌলিক ভূমিকা পালন করে। আমরা এমনধরনের ইএসসিআর এর কথা বলছি যা আবাসভুমির সাথে সম্পর্কিত এবং যা বাসস্থান, পানি ও পয়:নিষ্কাশন, শিক্ষা, স্বাস্থ্য এবং জনগণের অংশগ্রহনের সাথে সর্ম্পকিত রাষ্ট্রীয় বাধ্যবাধকতাসমূহ নির্দেশ করে। উল্লেখ্য বিষয়সমূহ হল ভূমি, প্রাকৃতিক সম্পদ, জীবিকা, জ্বালানী, পরিবহন এবং বিনোদন, আর বিশেষ করে শহর, খাদ্য স্বধিীনতা এবং জলবায়ুগত ন্যায়বিচারের ক্ষেত্রে সমষ্টিগত অধিকার দাবীর আইনগত ভিত্তি হিসেবে বিবেচিত। পরিবার, গৃহ, পাড়া প্রতিবেশী, গ্রাম এবং সকলের জন্য উন্মুক্ত এলাকার সাথে নারীদের ঘনিষ্ঠ সম্পর্ক থাকার কারনে তারাই হোল বাসভুমির অধিকার রক্ষার স্থানীয় সংগ্রামে মুখ্য অংশীদার। এসমস্ত অধিকার হতে নারী এবং একই সাথে শিশু, প্রতিবন্ধি, উচ্ছেদকৃত, গৃহহীন, যাযাবর, উদ্বাস্তু এবং অভিবাসী জনগণ এখনো বঞ্চিত। অতএব তাদের স্বীকৃতি দিতে হবে এবং সকল সংগ্রামে তাদের অধিকার রক্ষা করতে হবে।

সারা বিশ্বব্যাপী স্থানীয় সাংস্কৃতিক প্রার্থক্য থাকা স্বত্তেও বাসভূমির অধিকার বোঝার ক্ষেত্রের বাধাসমূহ কয়েকগুণ বেড়ে গেছে। একারনে ভূমি দখল, পাড়া-গ্রামের বিনাশ, দীর্ঘদিনের পুরনো পাড়াগুলোতে মধ্যআয়ের জনগণ দ্বারা স্বল্পআয়ের জনগণকে প্রতিস্থাপন, অপরিবর্তিত আয়ের বিপরীতে বাড়ী ভাড়া বৃদ্ধি, অতিকায় প্রকল্প আর অতিকায় অনুষ্ঠান পরিকল্পনা ও উন্নয়নের মাধ্যমে দরিদ্রতম, সবচেয়ে সুবিধাবঞ্চিত এবং অরক্ষিত জনগণের ভূমিকে হুমকির সম্মুখীন করে যে রিয়েল এস্টেট এবং ভূমি ফাটকাবাজীর চর্চা চলছে প্রকাশ্যে, তার নিন্দা জানানো আমাদের কর্তব্য। এ সবের মাধ্যমে জনগোষ্ঠীর প্রথাগত বাসস্থানে থাকার অধিকার লঙ্ঘিত হয় এবং তৈরী হয় সশস্ত্র সংঘাত এবং অধিকৃত ভূখন্ড, "প্রাকৃতিক" দূর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব এর মুখোমুখি হয় যা উদ্রেক করে বন্যা, ভূমিধ্বস এবং পানি, বায়ু ও মাটি দূষন। এসকল ভূখন্ডগত ঘটনা তৈরী করে জোরপূর্বক গণ উচ্ছেদ যা বিশ্বজুড়ে ক্রমবর্ধমানভাবে গ্রামীন এবং শহুরে জনগণকে ক্ষতিগ্রস্ত করছে।

**প্রস্তাবনা:**
**আমরা, স্থানীয়, জাতীয়, আঞ্চলিক, মহাদেশীয় এবং বৈশ্বিক সংস্থাসমূহ, ওয়ার্ল্ড এসেম্বলী অফ ইনহ্যাবিট্যান্টস (অধিবাসীদের বিশ্ব সমাবেশ) গঠনের প্রক্রিয়ায় এখানে সমবেত হয়েছি, যাতে করে সকল মানুষ গ্রামে এবং শহরে শান্তিপূর্নভাবে এবং সম্মানের সাথে বাস করার অধিকার পায়, সে বিষয়ে সংহতি তৈরীতে একতাবদ্ধ ভাবে কাজ চালিয়ে যাবার অঙ্গীকার করছি।**

প্রতিবছর অক্টোবর মাসের প্রথম সোমবার অনুষ্ঠেয় আবাসভূমির অধিকারের জন্য বৈশ্বিক প্রচারণায় (গ্লোবাল ক্যাম্পেইন ফর দ্যা রাইট টু হ্যাবিট্যাট)-এ অংশগ্রহন করার অঙ্গীকার করছি।
৩ অক্টোবর, ২০১১ এবং ১ অক্টোবর, ২০১২ যে থিমগুলো বিশ্বব্যাপী আমাদের এক জায়গায় নিয়ে আসবে তা হলো: ১) জোরপূর্বক উচ্ছেদের কারন ও ফলাফল, গ্রামীন ও নাগরিক আবাসভূমি সংক্রান্ত সমস্যায় ক্ষতিগ্রস্থ জনগণের দূর্ভোগ ও দারিদ্রীকরন; এবং ২)আবাসভূমির অধিকারের জন্য যে আন্দোলনকারীরা

তাদের নাগরিক ও রাজনৈতিক অধিকারের ওপর দমন-পীড়ন ও সহিংসতার ফলে ভূক্তভোগী হয়েছেন তাদের সাথে সংহতি।

আবাসভূমির অধিকারের জন্য বার্ষিক ক্যাম্পেইন আয়োজিত হবে সামুদয়িক এবং বৈচিত্রপূর্নভাবে, যা অন্যান্য অনেক আয়োজনের মধ্যে মার্চ, প্রতিবাদ, বিক্ষোভ, দখল এবং গণবিতর্ক ও সভার মাধ্যমে সমন্বিত হবে বিশ্বজুড়ে যারা আবাসভূমির সংগ্রামের সাথে সংযুক্ত তাদের নেতৃত্বের মাধ্যমে। ক্যাম্পেইনের প্রচার করা হবে মূলত: ইন্টারনেটে সামাজিক নেটওয়ার্কের মাধ্যমে, এবং ক্যাম্পেইনের সাথে যুক্ত সামাজিক আন্দোলন, নেটওয়ার্ক এবং সংস্থাসমূহের ওয়েবসাইটেও তা প্রচারিত হবে।

এই অঙ্গীকার পালনে, নেটওয়ার্ক ও সংস্থাসমূহ একটি লিয়াজোঁ কমিটি গঠন করেছে। এই কমিটি যা বিশ্বব্যাপী একই ধরনের সমস্যার মধ্যে প্রোথিত অধিকার লঙ্ঘনের ইবরুদ্ধে চলমান সংগ্রামের প্রতি সংহতিকে আরও নিরেট করার জন্য ডাব্লিউএসএফ ডাকার-এর ফ্রেমওয়ার্কের অধীনে বিভিন্ন লোকপ্রিয় এলাকায় এবং বিশ্ববিদ্যালয়সমূহে অধিবাসীদের সংগঠনসমূহ আয়োজিত সভাসমূহের ফলাফলের ভিত্তিতে একটি প্ল্যাটফর্ম এবং কর্ম পরিকল্পনা তৈরীর বিষয়ে একমত হবে ।

১০ ফেব্রুয়ারী, ২০১১ ডাকারে নিম্নলিখিত নেটওয়ার্ক ও সংস্থাসমূহ এই অঙ্গীকারে স্বাক্ষর করেছে:

**আন্তর্জাতিক নেটওয়ার্কসমূহ:**

- অ্যালায়েন্স ইন্টারন্যাশনেল ড্যস হ্যাবিটান্টস (এআইএইচ)
- কোয়ালিশন ইন্টারন্যাশনেল ড্য ল'হ্যাবিটাট (এইচআইসি)
- কমিটেস প্রমোটেয়ারস ড্য ল'অ্যাসেম্বলি মোনডিয়াল ডেস হ্যাবিটান্টস ইন্টারন্যাশনাল
- কমিটেস প্রমোটেয়ারস ড্য ল'অ্যাসেম্বলি মোনডিয়াল ডেস হ্যাবিটান্টস রিজিওনক্স
- এলওসিওএ – লীডারস এন্ড অগার্নাইজারস অফ কমিউনিটি অগার্নাইজেশন ইন এশিয়া
- নো-ভক্স

**জাতীয় এবং স্থানীয় অধিবাসী সংস্থাসমূহ:**

- এসিআইডিএকে অ্যাসোসিয়েশন কমিটি ইন্টারবিডনভিল (ডাকার, সেনেগাল)
- এএইচটিবি, অ্যাসোসিয়েশন ড্যস হ্যাবিটান্টস এট ট্রাভাইলেয়ারস ডি বারাকা (ডাকার, সেনেগাল)
- অ্যামান্ডলা সেন্টার অফ জিম্বাবুয়ে (জিম্বাবুয়ে)
- অ্যাসেম্বলি টু এন্ড পোভার্টি (যুক্তরাষ্ট্র)
- এ ভারোস মিনডেনকি (হাঙ্গেরী)
- সিএইএস (প্যারাগুয়ে)
- সিডিভি (মেক্সিকো)
- সিএইচআরএ (জিম্বাবুয়ে)
- কালেকটিভো প্যারা এল ডেসারোল্লো ড্যল পেরু ডে ভিলা মারিয়া ডল ট্রিয়ানফো (পেরু)
- কমিটি ড্য গেসটিয়ন ডেস ইনোনডেশসন্স এট ড্য ডেগুয়েরপিসেমেন্ট ডে মেডিনা গ্যুমারস (গুয়েডিয়াওয়ে, সেনেগাল)
- কমিটেস প্রমোটেয়ারস ন্যাশনক্স ড্য ল'অ্যাসেম্বলি মোনডিয়াল ডেস হ্যাবিটান্টস ন্যাশনক্স
- সিওএনএএম (ব্রাজিল)
- সিওএনএপিএএমএজি (গুয়াটেমালা)
- কোঅর্ডিনেশন ডুপেড ইনভেস্টরস (রাশিয়া)
- কোঅফ্যাবিটাট (রিপাবলিকা ডমিনিকা)
- কোঅপারেটিভা ড্য রেসিক্লাডো ডে ভিলা ৩১ (আর্জেন্টিনা)
- কোঅপারেটিভ কোরাল্লি (ইটালি)
- কোঅর্ডিন্যাডোরা ড্য কলোনিয়াস ইউনিডাস (মেক্সিকো)

- ডিএএল, দ্রোয়া অ লজেমতঁ (ফ্রান্স)
- ইএমএডি, এনটেনটে ড্যস ম্যুভমেন্টস এট অ্যাসোসিয়েশনস ড্য ডেভেলপমেন্ট (ডাকার, সেনেগাল)
- ফামেম্গ – মিনাস জেরাইস (ব্রাজিল)
- এফবিএফএফ – সিয়ারা (ব্রাজিল)
- এফইডিইভিআই (আর্জেন্টিনা)
- ফেডারেসিওন ড্য কোঅপারেটিভাস টোডোস জানটোস (আর্জেন্টিনা)
- এফওভিইএলআইসি (পেরু)
- জিআইইউ (পেরু)
- গ্রুপো পুয়ের্টোরিকেনো ড্য সলিডারিড কন লা নিনেজ ডমিনিকো-হাইয়ানা সিপিএনডিএইচ (পুয়ের্টো রিকো)
- ম্যুভমেন্ট এন্ড স্যুকালি মেডিনা গ্যুমারস (ডাকার, সেনেগাল)
- মভিমেন্টো নুয়েভো এনকুয়েন্ট্রো (আর্জেন্টিনা)
- ন্যাশনাল টেনান্টস ইউনিয়ন (নাইজেরিয়া)
- ওমুঙ্গা (এঙ্গোলা)
- পিওএইচডিএইচ (হেইটি)
- পিপিইএইচআরসি (যুক্তরাষ্ট্র)
- পিআরওইউডি এন্ড ন্যাশনাল ফোরাম ফর দ্যা আরবান পুওর (ভারত)
- রেড মেট্রোপলিটানা ইনকুইলিনোস (ভেনেজুয়েলা)
- আরএনএইচসি (ক্যামেরুন)
- শেল্টার ফর দ্যা পুওর (বাংলাদেশ)
- টেমস ভ্যালি জিপসি কাউন্সিল (যুক্তরাজ্য)
- টেন্যান্টস ইউনিয়ন (রাশিয়া)
- টোনডেরাই নডিরা হাউজিং কোঅপারেটিভ (জিম্বাবুয়ে)
- ইউসিআইএসভি-ভের (মেক্সিকো)
- ইউনিয়নি ইনকুইলিনি (ইটালি)
- ইউনিয়ন পপ্যুলার ভ্যালে গোমেজ, ডি. এফ. (মেক্সিকো)
- ইউএসএ/ক্যানাডা অ্যালায়েন্স অফ ইনহ্যাবিট্যান্টস (ইউএসএসিএআই)
- ইয়ুথ গভার্নেন্স এন্ড এনভায়রনমেন্টাল প্রোগ্রাম (কেনিয়া)

**সহায়তা:**

- এবিওএনজি, ব্রাজিলিয়ান অ্যাসোসিয়েশন অফ এনজিওস
- এআইটিইসি, অ্যাসোসিয়েশন ইন্টারন্যাশনেল ড্যস টেকনিশেয়েন্স এট চেরচেউরস (ফ্রান্স)
- এলোপ, অ্যাসোসিয়েশন ল্যাটিনোআমেরিকানা ড্য অরগানাইজেসিওনেস ডে প্রোমোসিওন
- সিইএনসিএ (পেরু)
- সিইআরপিএসি, সেন্টার ড্য রেচের্চে পপুলেয়ার পর ল্য একশ্যন সিটোয়েন (সেনেগাল)
- ইএনডিএ – ইকোনমি পপুলেয়ার (সেনেগাল)
- ইএনডিএ – রিলেইস পর ল্য ডেভেলপমেন্ট আরবেইন পার্টিসিপে (সেনেগাল)
- এফএএল, ফোরাম ড্যস অটোরিটেস লোকালেস
- হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল
- ইন্টারমোনডেস (সেনেগাল)
- প্ল্যাটফর্মে ডিইএসসি সেনেগাল – আরএডিআই
- ডাব্লিউআইএসইইপি – (ঘানা)